গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৩ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ২১৮-আইন/আয়কর/২০১২।**—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ২৮ পৌষ ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ১১ জানুয়ারী, ২০১২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২১-আইন/আয়কর/২০১২ এ নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর-

(ক) প্রস্তাবনায় উল্লিখিত "৩০শে জুন, ২০১২" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে "৩০ জুন, ২০১৩" সংখ্যাগুলি, শব্দ ও কমা প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(ক) উক্ত ১০% হারে কর প্রদানের লক্ষ্যে ১৫ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপ-কর কমিশনারের নিকট সংযুক্ত ছকে কর অনারোপিত আয় বিনিয়োগ সংক্রান্ত ঘোষণা প্রদান করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, যে সকল করদাতা ৩০ জুন, ২০১২ এর মধ্যে উক্ত বিনিয়োগ করিয়াছেন, সে সকল করদাতাকে ১৫ জুলাই, ২০১২ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপ-কর কমিশনারের নিকট উক্ত ঘোষণা প্রদান করিতে হইবে;";

(গ) দফা (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(ঘ) উক্ত বিনিয়োগকৃত অর্থ আগামী ৩০ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে উত্তোলন বা অন্যত্র স্থানান্তর করা যাইবে নাঃ

তবে শর্ত থাকে যে, ৩০ জুন, ২০১২ এর মধ্যে বিনিয়োগকৃত অর্থ ৩০ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখের পরবর্তী যে কোন সময়ে উত্তোলন বা অন্যত্র স্থানান্তর করা যাইবে;"।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**সৈয়দ মোঃ আমিনুল করিম**

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)